# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ৯. জাল হাদীস চিহ্নিতকরণে বাঙালী আলিমগণ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ২. ৪. ৪. এহইয়াউ উলূমিদ্দীন

ইমাম গাযালীর (৫০৫ হি) এহইয়াউ উলূমিদ্দীন গ্রন্থের অনেক হাদীস আবূ জাফর সিদ্দিকী জাল বলেছেন। যেমন ‘একজন আলিমের মাজলিসে উপস্থিত হওয়া এক হাজার জানাযায় শরীক হওয়া থেকে, এক হাজার রাকআত সালাত থেকে, এক হাজার হজ্জ এবং এক হাজার জিহাদ-যুদ্ধাভিযান থেকে উত্তম’, ‘সমূদ্রের মধ্যে পৃথিবী ভূপৃষ্ঠের মধ্যে একটি আস্তাবলের মত’, ‘পিতামাতার খেদমত সালাত, সিয়াম, হজ্জ, উমরা ও আল্লাহর রাস্তায় জিহাদ অপেক্ষা উত্তম’, ‘মসজিদের মধ্যে কথাবার্তা নেকী বা সাওয়াব খেয়ে ফেলে যেমন, জীবজানোয়ার ঘাস খেয়ে ফেলে’, ‘আলিমের নিদ্রা ইবাদত’, ‘আমার আকাশ ও আমার যমীন আমাকে ধারণ করার প্রশস্ততা পায় নি; কিন্তু আমার মুমিন বান্দার অন্তর আমাকে ধারণের প্রশস্ততা পেয়েছে’... ইত্যাদি।[1]

## ফুটনোট

[1] আবূ জাফর সিদ্দিকী, প্রাগুক্ত: উর্দু, পৃ. ১২-৯৯, বাংলা, পৃ. ৪২৬-৪৩৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4692

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন